



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
সরকারি কলেজ শাখা-২
www.dshe.gov.bd



নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৩২৮৪

২৮ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৩ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্মীকরণ বিধিমালা, ২০১৮-এর বিধি-০৫ এবং বিধি-০৬-এ বর্ণিত বিধান অনুযায়ী রংপুর জেলার পীরগাছা উপজেলাধীন পীরগাছা সরকারি কলেজে বেসরকারী আমলে কর্মরত ৪৬ (ছেচল্লিশ) জন শিক্ষক-কে কলেজ সরকারিকরণের তারিখ (০৮ আগস্ট ২০১৮) হতে রাজস্বখাতে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হয়। রাজস্বখাতে অস্থায়ীভাবে নিয়োগকৃতদের মধ্যে জ্যেষ্ঠ কর্মকর্তা হিসেবে জনাব মোঃ আব্দুল মাবুদ (ইনডেক্স-৪০২১৫৭) সহকারী অধ্যাপক (নন-ক্যাডার), রাষ্ট্রবিজ্ঞান পদে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে যোগদান করেন এবং আয়ন-ব্যয়নকারী কর্মকর্তা হিসেবে দায়িত্ব প্রদানের জন্য আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে রাজস্বখাতে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীদের হিসাবরক্ষণ অফিসের সাথে বেতন-ভাতা সংক্রান্ত কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জনাব মোঃ আব্দুল মাবুদ (ইনডেক্স-৪০২১৫৭)-কে নিম্নের শর্ত মোতাবেক আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব প্রদান করা হলো।

শর্তসমূহ:

- পরবর্তীতে অধ্যক্ষ যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- কলেজের কার্যাদি সম্পাদনের জন্য তাঁকে প্রতিষ্ঠানিক বেতন-ভাতা ও সম্মানীসহ আনুষঙ্গিক বিলসমূহ স্বাক্ষরদানের ক্ষমতা ট্রেজারী ও সাবসিডিয়ারী আইনের এসআরও/৯৬ ভলিউম-১ ধারা মোতাবেক সাময়িকভাবে প্রদান করা হলো।
- উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা থাকাকালীন সময়ে যে কোনো প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনি দায়ী থাকবেন। তাঁকে নির্দিষ্ট রেজিস্টারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোনো দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

১৩-১১-২০২৩

মোঃ তানভীর হাসান

সহকারী পরিচালক

ad_college2@dshe.gov.bd

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৩২৮৪/১ (১০)

২৮ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৩ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৩। জেলা প্রশাসক, -----;
- ৪। উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, -----;
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন ঢাকা;
- ৭। বিভাগীয়/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, -----;
- ৮। জনাব মোঃ আব্দুল মাবুদ (ইনডেক্স-৪০২১৫৭), পীরগাছা সরকারি কলেজ, পীরগাছা, রংপুর;;
- ৯। ব্যাংক ম্যানেজার, ----- এবং
- ১০। সংরক্ষণ নথি।



Janis

১০-১১-২০২৩
মোঃ তানভীর হাসান
সহকারী পরিচালক